# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 01 June, 2025

"আসুন দুগ্ধশিল্পের শক্তি উদযাপন করি"- প্রতিপাদ্যকে সামনে রেখে প্রথমবারের মতো বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ভেটেরিনারি অনুষদের উদ্যোগে বিশ্ব দুগ্ধ দিবস-২০২৫ পালিত হয়েছে।

রবিবার (১ জুন) দিবসটি উপলক্ষে ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীদের পোস্টার প্রেজেন্টেশন, র‍্যালি, শিশুদের মাঝে দুগ্ধ বিতরণ ও সেমিনারের আয়োজন করা হয়।

বাকৃবির মুক্তিযোদ্ধা স্মৃতি বিদ্যালয়ে ৩০০ শিশুকে এবং সুতিয়াখালীর একটি এতিমখানায় ২০০ শিশুকে দুগ্ধ বিতরণ করা হয়। দুগ্ধ দিবস ২০২৫ উপলক্ষে ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা ১৫ টি পোস্টার প্রেজেন্টেশন করে এবং এতে ৫৩জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।ওই প্রতিযোগিতায় তিনটি দল বিজয়ী হয়।প্রথম স্থান অর্জন করেন স্নাতকোত্তর শিক্ষার্থী তাহমিদ এশাদ রূপাইয়ের দল, দ্বিতীয় স্থান অর্জন করেন পঞ্চম বর্ষের শিক্ষার্থী মো. মোরসালিনের দল এবং তৃতীয় স্থান অর্জন করে তৃতীয় বর্ষের শিক্ষার্থী জনি মজুমদারের দল।

অনুষ্ঠানে বিশ্ব দুগ্ধ দিবস-২০২৫ আয়োজন কমিটি সদস্য সচিব অধ্যাপক ড. মুহা. ইলিয়াছুর রহমান ভূঁইয়ার সঞ্চালনায় সভাপতিত্ব করেন বাকৃবির ভেটেরিনারি অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফরিদা ইয়াসমীন বারি।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক এআই এন্টারপ্রাইজের ব্রিড ডেভেলপমেন্ট ও বুল স্টেশনের এজিএম ডা. মোহাম্মদ আব্দুল লতিফ। এছাড়া ভেটেরিনারি অনুষদের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক, শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ব দুগ্ধ দিবস-২০২৫ আয়োজন কমিটির আহবায়ক অধ্যাপক ড. মো. মোশাররফ উদ্দীন ভূঞা এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন মাইক্রোবায়োলজি এন্ড হাইজিন বিভাগের অধ্যাপক ড. মোছাঃ মিনারা খাতুন।

অনুষ্ঠানে বক্তারা জানান, দুধ ও দুগ্ধজাত পণ্যের গুরুত্ব তুলে ধরতে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার উদ্যোগে ২০০১ সাল থেকে প্রতি বছর ১ জুন বিশ্ব দুগ্ধ দিবস পালিত হচ্ছে।বর্তমানে প্রায় ১০০ কোটি মানুষ দুগ্ধশিল্পের সঙ্গে জড়িত এবং প্রায় ৬০০ কোটি মানুষ দুগ্ধজাত খাবার গ্রহণ করে।যদিও বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে দৈনিক ২৫০ মি.লি. দুধ গ্রহণ প্রয়োজন, বাংলাদেশে জনপ্রতি প্রাপ্যতা ২৩৪.৪৫ মি.লি।

বক্তারা দুধের ঘাটতি পূরণে সুস্থ ও উচ্চ উৎপাদনশীল গাভী এবং নিরাপদ, ব্যাকটেরিয়া ও অ্যান্টিবায়োটিকমুক্ত দুধ উৎপাদনের ওপর গুরুত্ব দেন।এ কাজে ভেটেরিনারিয়ানদের সক্রিয় ভূমিকা অপরিহার্য বলে মন্তব্য করেন তারা।

ভেটেরিনারি অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফরিদা ইয়াসমীন বারি বলেন, ভেটেরিনারি অনুষদ প্রথমবারের মতো দিবসটি পালন করছে।অনুষ্ঠানটি গত বৃহস্পতিবার ছাত্রছাত্রীদের পোস্টার প্রেজেন্টেশনের মাধ্যমে শুরু হয়েছিল।আজ সকালে বাচ্চাদের দুগ্ধ বিতরণ ও র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।আজকের এই দিনটি পালনের মাধ্যমে, সারা বিশ্বে যে দিবসটি পালিত হয়, তাদের সাথেও আমরা সম্পৃক্ত হয়েছি।আমাদের দেশে দুধ উৎপাদন বাড়ছে।আশা করি ভেটেরিনারিয়ানরা সেখানে আরও গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

উল্লেখ্য, বাকৃবির পশুপালন অনুষদের ডেয়রি বিজ্ঞান বিভাগের আয়োজনে প্রতিবছরের ন্যায় এবারেও বর্ণাঢ্যভাবে বিশ্ব দুগ্ধ দিবস-২০২৫ পালিত হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:11

URL: https://www.timestodaybd.com/public/campus/4522513238